# বয়লার আইন, ২০২১(খসড়া)

খসড়াটি যে পর্যায়ে আছে: মন্ত্রিসভা-বৈঠকে নীতিগতভাবে এবং ভেটিং সাপেক্ষে চূড়ান্তভাবে অনুমোদিত। খসড়া আইনটির উপর ভেটিং গ্রহনের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরিত।

---

আইন অধিশাখা
শিল্প মন্ত্রণালয়

## Boilers Act, 1923 রহিতক্রমে উহা যুগোপযোগী করিয়া প্রণয়নের উদ্দেশ্যে আনীত

## বিল

যেহেতু শিল্প কারখানায় বয়লার দুর্ঘটনার ঝুঁকি হ্রাস, বয়লার ব্যবহারে সচেতনতা বৃদ্ধি, মানসম্মত বয়লার তৈরি ও আমদানি, বয়লার ব্যবহার ও পরিচালনায় নিরাপত্তা নিশ্চিতকরণ এবং সর্বোপরি শিল্প কারখানায় অধিকতর নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকরণের লক্ষ্যে Boilers Act, 1923 (Act No. V of 1923) রহিতক্রমে উহা যুগোপযোগী করিয়া প্রণয়ন সমীচীন ও আবশ্যক;

সেইহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।— (১) এই আইন বয়লার আইন, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।— বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে-

(১) 'কোড' অর্থ ধারা ৪৩ এর অধীন প্রণীত বয়লার কোড;

(২) 'দুর্ঘটনা' অর্থ কোনো বয়লার বা বাষ্প-নলে সংঘটিত কোনো বিস্ফোরণ বা কোনো বয়লার বা বাষ্প-নলের শক্তির দুর্বল বা ক্ষতিগ্রস্ত অবস্থা;

(৩) 'নির্ধারিত' অর্থ বিধি দ্বারা নির্ধারিত;

(৪) 'পরিদর্শনকারী কর্তৃপক্ষ' অর্থ বয়লার ও বয়লার কম্পোনেন্ট উৎপাদনকালে প্রত্যয়ন ও পরিদর্শন কার্যে নিয়োজিত প্রধান বয়লার পরিদর্শক বা ক্ষেত্রমতো, বয়লার বোর্ড কর্তৃক স্বীকৃত বয়লার ও বয়লার কম্পোনেন্ট উৎপাদনের প্রত্যয়নকারী ও পরিদর্শনকারী;

(৫) 'প্রধান বয়লার পরিদর্শক', 'উপ-প্রধান বয়লার পরিদর্শক' ও 'বয়লার পরিদর্শক' অর্থ এই আইনের অধীন বয়লার পরিদর্শনের জন্য 'প্রধান বয়লার পরিদর্শক', 'উপ-প্রধান বয়লার পরিদর্শক' ও 'বয়লার পরিদর্শক' হিসাবে নিয়োগপ্রাপ্ত কোনো ব্যক্তি;

(৬) 'বয়লার' অর্থ ২৫ লিটারের অধিক পানি ধারণক্ষমতাসম্পন্ন কোনো বদ্ধ আধার বা পাত্র যাহা কেবল পানি হইতে বাষ্প উৎপাদন কার্যে ব্যবহৃত হয় এবং উৎপাদিত বাষ্পের প্রবাহ বাধাগ্রস্থ বা বন্ধ হইলে তা সম্পূর্ণ বা আংশিকভাবে চাপযুক্ত থাকে এবং উক্ত আধার বা পাত্রের সহিত সংযুক্ত কোনো বয়লার কম্পোনেন্টও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(৭) 'বয়লার কম্পোনেন্ট' অর্থ বয়লারে ব্যবহৃত বা সংযুক্ত প্লেট (Plate), টিউব (Tube), বাষ্প-নল (Steam Pipe), বাষ্পাধার (Steam Header) যোগান-নল (Feed Pipe), ইকোনোমাইজার (Economizer), সুপারহিটার (Superheater), এয়ার প্রিহিটার (Air Preheater) বা অন্য কোনো ফিটিং;

(৮) 'বয়লার নির্মাণ, ব্যবহার ও মেরামত কর্তৃপক্ষ' অর্থ ধারা ৯ এর অধীন বয়লার নির্মাণ, ব্যবহার ও মেরামত কর্তৃপক্ষ;

(৯) 'বয়লার নির্মাণ' অর্থ বয়লার বা বয়লার কম্পোনেন্ট নির্মাণ ও সংযোজন (Fabrication) বা উভয়বিধ কার্য;

(১০) 'বয়লার নির্মাণকারী' অর্থ এই আইনের অধীন বয়লার ও বয়লার কম্পোনেন্ট নির্মাণ কার্যে সম্পৃক্ত এবং পরিদর্শনকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(১১) 'বয়লার মেরামতকারী' অর্থ এই আইনের অধীন নিবন্ধিত বয়লার ও বয়লার কম্পোনেন্ট মেরামত বা রক্ষণাবেক্ষণ কার্যে সম্পৃক্ত কোনো স্বীকৃত ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(১২) 'বোর্ড' অর্থ ধারা ৭ এর অধীন গঠিত বয়লার বোর্ড;

প্রকৌশলী মোহাম্মদ আব্দুল মান্নান
প্রধান বয়লার পরিদর্শক

(১৩) 'বাষ্প-নল' (steam pipe) অর্থ ৭.৬২ সেন্টিমিটারের অধিক অভ্যন্তরীণ ব্যাসবিশিষ্ট নল যাহার মধ্য দিয়া বাষ্প সরাসরি বয়লার হইতে অন্য যে-কোনো যন্ত্রে প্রবাহিত হয় এবং বাষ্প-নলের সহিত সংযুক্ত অন্য কোনো ফিটিংও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(১৪) 'ব্যক্তি' অর্থ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান, কোম্পানি, অংশীদারি কারবার, ফার্ম বা অন্য কোনো সংস্থা এবং আইনের মাধ্যমে সৃষ্ট কোনো সত্তা বা কৃত্রিম আইনগত সত্ত্বা;

(১৫) 'বিধি' অর্থ ধারা ৪২ এর অধীন প্রণীত বিধি;

(১৬) 'মালিক' অর্থ বয়লার ব্যবহারকারী কোনো প্রতিষ্ঠানের মালিক বা প্রধান অথবা তৎকর্তৃক মনোনীত বা ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি;

(১৭) 'সনদপত্রধারী ব্যক্তি' অর্থ বয়লার পরিচালনা প্রকৌশলী বা বয়লার পরিচারক সনদপ্রাপ্ত ব্যক্তি;

(১৮) 'ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা' অর্থ প্রধান বয়লার পরিদর্শক, অন্যান্য বয়লার পরিদর্শক এবং সংশ্লিষ্ট জেলার জেলা ম্যাজিস্ট্রেট ও তৎকর্তৃক লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি;

(১৯) 'স্বীকৃত' অর্থ এই আইনের অধীন বয়লার বোর্ড বা ক্ষেত্রমতো, প্রধান বয়লার পরিদর্শক বা পরিদর্শনকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত।

**৩। প্রয়োগের সীমাবদ্ধতা।**— কোনো জাহাজ বা জলযানে ব্যবহৃত বয়লার বা বাষ্প-নল এবং কোনো রেল বা সড়ক পরিবহনের কার্যে নিয়োজিত যানবাহনে ব্যবহৃত বয়লার বা বাষ্প নলের ক্ষেত্রে এই আইনের কোনো বিধান প্রয়োগ হইবে না।

**৪। কার্যালয় প্রতিষ্ঠা।**— (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, শিল্প মন্ত্রণালয়ের অধীন প্রধান বয়লার পরিদর্শকের একটি কার্যালয় থাকিবে।

(২) সরকার দেশের যে কোনো স্থানে উহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

**৫। কার্যাবলি।**— এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে প্রধান কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :

(১) স্থানীয়ভাবে তৈরিকৃত বয়লারের মান নিয়ন্ত্রণ করা;

(২) আমদানিকৃত বয়লারের মান যাচাই করা;

(৩) মানসম্মত, নিরাপদ বয়লার ব্যবহার নিশ্চিত করা;

(৪) বয়লার পরিচালনা প্রকৌশলী ও বয়লার পরিচারক সনদ প্রদান করা;

(৫) প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারী, বয়লার ব্যবহারকারী ও বয়লা পরিচালনার কাজে নিয়োজিত ব্যক্তিদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের আয়োজন করা।

**৬। প্রধান বয়লার পরিদর্শক ও অন্যান্য কর্মচারী নিয়োগ।**— (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার নির্ধারিত পদ্ধতিতে প্রধান বয়লার পরিদর্শক এবং প্রয়োজনীয় সংখ্যক অন্যান্য কর্মচারী নিয়োগ করিতে পারিবে।

(২) প্রধান বয়লার পরিদর্শক ও অন্যান্য কর্মচারী আইন, বিধি বা সরকার কর্তৃক নির্ধারিত দায়িত্ব পালন করিবেন।

**৭। বয়লার বোর্ড।**— (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, গেজেট প্রজ্ঞাপন দ্বারা ৭ (সাত) সদস্য বিশিষ্ট বয়লার বোর্ড নামে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন কারিগরি বোর্ড গঠন করিবে।

(২) শিল্প মন্ত্রণালয়ের সচিব, ক্ষেত্রমতো, সচিব কর্তৃক মনোনীত অন্য কোনো কর্মকর্তা, বোর্ডের চেয়ারম্যান এবং প্রধান বয়লার পরিদর্শক উক্ত বোর্ডের সদস্য সচিব হইবেন।

(৩) বোর্ডের অন্যান্য সদস্যদের নিয়োগ, যোগ্যতা, মেয়াদ, সুযোগ-সুবিধা, অপসারণ, কার্যাবলি বা অন্য কোনো বিষয় বিধি দ্বারা নির্ধারিত হইবে।

প্রকৌশলী মোহাম্মদ আব্দুল মান্নান
প্রধান বয়লার পরিদর্শক

ড. এ. এস. এম আমীর হোসেন
উপসচিব (আইন)

৮। **বোর্ডের সভা।**– (১) বোর্ডের চেয়ারম্যানের সহিত পরামর্শক্রমে সদস্য সচিব বৎসরে বোর্ডের অন্যূন ০৩ (তিন) টি সভা আহবান করিবে।

(২) অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে বোর্ডের কোরাম গঠিত হইবে।

(৩) বোর্ড, প্রয়োজনে, কোনো বিশেষজ্ঞ ব্যক্তিকে বোর্ডের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবে।

(৪) বোর্ডের সকল সভায় চেয়ারম্যান সভাপতিত্ব করিবেন। তবে চেয়ারম্যানের অনুপস্থিতিতে বোর্ডের জ্যেষ্ঠ কোনো সদস্য সভায় সভাপতিত্ব করিতে পারিবেন।

৯। **বয়লার নির্মাণ, ব্যবহার ও মেরামত কর্তৃপক্ষ।**– (১) প্রধান বয়লার পরিদর্শক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা এই আইনের অধীন বয়লার নির্মাণ, ব্যবহার ও মেরামত কর্তৃপক্ষ হইবেন।

(২) বয়লার নির্মাণ, ব্যবহার ও মেরামত কর্তৃপক্ষের কার্যক্রম বিধি দ্বারা নির্ধারিত হইবে।

১০। **বয়লার পরিচালনা সনদ প্রদান কর্তৃপক্ষ।**– (১) প্রধান বয়লার পরিদর্শক, বয়লার পরিচালনা প্রকৌশলী ও বয়লার পরিচারক সনদ প্রদানের জন্য কর্তৃপক্ষ হইবেন।

(২) প্রধান বয়লার পরিদর্শক কর্তৃক গঠিত কমিটি বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পরীক্ষা গ্রহণপূর্বক সনদ প্রদানের জন্য সুপারিশ প্রদান করিবে।

(৩) প্রধান বয়লার পরিদর্শক নির্ধারিত পদ্ধতি অনুসরণ এবং নির্ধারিত ফি প্রাপ্তি সাপেক্ষে বয়লার পরিচালনা সনদ প্রদান করিতে পারিবেন।

১১। **বয়লার ও বয়লার কম্পোনেন্ট নির্মাণ ও সংযোজন।**– (১) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান বাংলাদেশের অভ্যন্তরে ব্যবহারের নিমিত্তে অথবা বিদেশে রপ্তানির জন্য নির্ধারিত পদ্ধতি অনুসরণ এবং নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে স্থানীয়ভাবে বয়লার কোড অনুসরণপূর্বক নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী বয়লার বা বয়লার কম্পোনেন্ট নির্মাণ বা সংযোজন ও ফেব্রিকেশন করিতে পারিবেন:

(ক) বিধি ও কোড মোতাবেক বয়লার ও বয়লার কম্পোনেন্ট উৎপাদনের উপযুক্ত স্থান এবং ডিজাইন ও নির্মাণ সুযোগ থাকিতে হইবে।

(খ) বয়লার ও বয়লার কম্পোনেন্ট এর ডিজাইন ও ড্রইং প্রধান বয়লার পরিদর্শক বা, ক্ষেত্রমতো, পরিদর্শনকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

(গ) বয়লার নির্মাণ বা সংযোজনের সময়ে বিভিন্ন ধাপে বয়লার পরিদর্শক কর্তৃক পরিদর্শন ও পরীক্ষণ করিতে হইবে।

(ঘ) কোনো বয়লার ও বয়লার কম্পোনেন্ট নির্মাণের জন্য ঝালাই (welding) পরিদর্শনকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত ব্যক্তি এবং ঝালাই (welding) পরীক্ষণের কার্য বোর্ড কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত হইতে হইবে।

(ঙ) কোড অনুযায়ী মানসম্মত মাউন্টিং ও ফিটিংস ব্যবহার করিতে হইবে।

(২) বর্ণিত শর্তাবলী ব্যতিরেকে বয়লার ও বয়লার কম্পোনেন্ট নির্মাণ করা হইলে বয়লার নিবন্ধন না মঞ্জুর করার ক্ষেত্রে কোনো প্রকার প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

১২। **বয়লার নির্মাণ প্রকার ।-**

নির্মাণ অনুসারে বয়লার ৩ (তিন) প্রকার হইবে, যথাঃ

(ক) ইলেকট্রোড বয়লার

(খ) স্মল ইন্ডাষ্ট্রিয়াল বয়লার এবং

(গ) ইন্ডাষ্ট্রিয়াল বয়লার

প্রকৌশলী মোহাম্মদ আব্দুল মান্নান
প্রধান বয়লার পরিদর্শক

১৩। **বয়লার নির্মাতা, মেরামতকারী ও পরীক্ষণ প্রতিষ্ঠানের তালিকাভুক্তি।**– (১) বয়লার নির্মাতা, মেরামতকারী ও নির্মাণকালীন সময়ে পরীক্ষণ কাজে সহায়তাকারী প্রতিষ্ঠানসমূহকে বয়লার বোর্ডের অনুমোদনক্রমে নির্ধারিত পদ্ধতি অনুসরণ এবং নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ে তালিকাভুক্ত হইতে হইবে।

(২) উপ-ধারা (১) এ বর্ণিত প্রতিষ্ঠানসমূহের যোগ্যতা ও তালিকাভুক্তির প্রক্রিয়া বিধি ও কোড দ্বারা নির্ধারিত হইবে।

**১৪। বয়লার আমদানি।**– (১) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান বাংলাদেশের অভ্যন্তরে ব্যবহার অথবা বিক্রয়ে জন বয়লার বা বয়লার কম্পোনেন্ট নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আমদানি করিতে পারিবেন:

(ক) আমদানিকৃত বয়লার, বোর্ড কর্তৃক স্বীকৃত কোনো কোড অনুসরণ এবং বোর্ড কর্তৃক স্বীকৃত কোনে পরিদর্শনকারী কর্তৃপক্ষের অধীন নির্মাণ করিতে হইবে।

(খ) বয়লার আমদানির ক্ষেত্রে বাংলাদেশ বয়লার কোড এর নির্ধারিত ফরমে "পরিদর্শনকারী কর্তৃপক্ষ : দ" গ্রহণ করিতে হইবে।

(গ) ইনডেন্টরের মাধ্যমে বয়লার আমদানির ক্ষেত্রে ইনডেন্টরকে বয়লার বোর্ডের অনুমোদনক্রমে প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ে তালিকাভুক্ত হইতে হইবে।

(ঘ) নিবন্ধনের পূর্বে বিধি মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করিতে হইবে।

(২) বর্ণিত শর্তাবলী ব্যতিরেকে বয়লার আমদানি করা হইলে বয়লার নিবন্ধন না মঞ্জুর করার ক্ষেত্রে কোনো প্রকার প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

**১৫। বয়লার ব্যবহার।**– (১) এই আইনের অধীনে বাংলাদেশের অভ্যন্তরে কোনো বয়লার ব্যবহারের পূর্বে প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ে নিবন্ধন করিতে হইবে।

(২) বয়লার নিবন্ধনের ক্ষেত্রে প্রধান বয়লার পরিদর্শক বয়লার নিবন্ধন কর্তৃপক্ষ হইবেন।

(৩) কোনো ব্যক্তি বা মালিক বয়লার নিবন্ধন প্রাপ্তির জন্য নির্ধারিত পদ্ধতি অনুসরণ এবং নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট আবেদন দাখিল করিবেন।

(৪) কোনো বয়লার নিবন্ধনের ক্ষেত্রে শর্তাবলী ও নিবন্ধন প্রক্রিয়া বিধি দ্বারা নির্ধারিত হইবে।

(৫) নিবন্ধন কর্তৃপক্ষ নির্ধারিত কারণ ও পদ্ধতিতে নিবন্ধনের আবেদন বাতিল বা প্রত্যাখ্যান করিতে পারিবে।

**১৬। বয়লার ব্যবহারের সনদ নবায়ন।**– (১) এই আইনের অধীন বয়লার ব্যবহারের সনদের মেয়াদ সর্বোচ্চ ১ (এক) বৎসর হইবে।

(২) বয়লার ব্যবহারের সনদ নবায়নের ক্ষেত্রে প্রধান বয়লার পরিদর্শক বা ক্ষেত্রমতো, ধারা ৩৬ মোতাবেক তৎকর্তৃক অর্পিত ক্ষমতার কোনো কর্মকর্তা নবায়ন কর্তৃপক্ষ হইবেন।

(৩) কোনো ব্যক্তি বা মালিক বয়লার ব্যবহারের সনদ নবায়নের জন্য নির্ধারিত পদ্ধতি অনুসরণ এবং নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের নিকট আবেদন দাখিল করিবেন।

(৪) কোনো বয়লার ব্যবহারের সনদ নবায়নের ক্ষেত্রে শর্তাবলী ও নবায়ন প্রক্রিয়া বিধি দ্বারা নির্ধারিত হইবে।

(৫) কর্তৃপক্ষ নির্ধারিত কারণ ও পদ্ধতিতে নবায়নের আবেদন বাতিল বা প্রত্যাখ্যান করিতে পারিবে।

(৬) কোনো মালিক বয়লার ব্যবহার সাময়িকভাবে বন্ধ রাখিলে তা কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

**১৭। বয়লার ব্যবহারে বিধি নিষেধ।**- এই আইনে সুনির্দিষ্টভাবে ভিন্নরূপ কোনো বিধান না থাকিলে, কোনো বয়লারের মালিক বয়লার ব্যবহার করিতে অথবা বয়লারটি ব্যবহারের অনুমতি প্রদান করিতে পারিবে না, যদি-

(ক) এই আইনের বিধান অনুসারে নিবন্ধিত না হয়;

(খ) বয়লার ব্যবহারের জন্য প্রদত্ত সনদপত্রের মেয়াদ উত্তীর্ণ হয়;

(গ) সনদপত্রে উল্লিখিত নির্ধারিত চাপের অধিক চাপে ব্যবহার করা হয়;

(ঘ) উপযুক্ত সনদপত্রধারী ব্যক্তির কর্তৃত্বাধীন বয়লার না থাকে;

(ঙ) বয়লারে ব্যবহৃত পানির মান-মাত্রা বিধি ও কোড অনুযায়ী নিয়ন্ত্রণে না থাকে।

প্রকৌশলী মোহাম্মদ আব্দুল মান্নান
প্রধান বয়লার পরিদর্শক

**১৮। বয়লার মেরামত।**— কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে তাঁর মালিকানায় ব্যবহৃত বয়লার মেরামত করিতে পারিবেন:

(ক) প্রধান বয়লার পরিদর্শক এর পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

(খ) বয়লার কোড অনুসরণ করিতে হইবে।

(গ) বয়লার বোর্ড এর অনুমোদিত মেরামতকারী কর্তৃক কার্যসম্পাদন করিতে হইবে।

(ঘ) মেরামতের সময় বিভিন্ন ধাপে বয়লার পরিদর্শক কর্তৃক পরিদর্শন ও পরীক্ষণ করিতে হইবে।

(ঙ) কোনো বয়লার ও বয়লার কম্পোনেন্ট এর ঝালাই (welding) প্রধান বয়লার পরিদর্শক কর্তৃক স্বীকৃত ব্যক্তি এবং ঝালাই (welding) পরীক্ষণের কার্য বোর্ড কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত হইতে হইবে।

**১৯। নিবন্ধন বাতিল।**— (১) নিবন্ধন কর্তৃপক্ষ নিম্নবর্ণিত যে কোনো কারণে নির্ধারিত পদ্ধতিতে বয়লারের নিবন্ধন বাতিল করিতে পারিবেন, যথা:-

(ক) মিথ্যা তথ্য বা দলিলের মাধ্যমে নিবন্ধন গ্রহণ করা হইলে;

(খ) নিবন্ধিত বয়লার ব্যবহার উপযোগী না থাকিলে;

(গ) প্রধান বয়লার পরিদর্শক এর পূর্বানুমোদন বা কোড অনুসরণ ব্যতিরেকে বয়লার এর কাঠামোগত বা বাষ্প-নলের পরিবর্তন বা মেরামত করিলে;

(ঘ) নিবন্ধন কর্তৃপক্ষ নির্ধারিত কারণে সনদ নবায়নে অস্বীকৃতি জানাইলে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, নিবন্ধন বাতিল করিবার পূর্বে নিবন্ধন কর্তৃপক্ষ বয়লারের মালিককে ১৫ (পনেরো) দিনের মধ্যে কারণ দর্শানোর নোটিশ প্রদান করিবে।

(৩) নিবন্ধন বাতিল করা হইলে বয়লারের মালিককে লিখিতভাবে উহার কারণ অবহিত করিতে হইবে।

**২০। পরিদর্শন ও প্রবেশের ক্ষমতা।**— কোনো ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা, কোনো বয়লার বা উহার সহিত সংযুক্ত কোনো বাষ্প-নল পরিদর্শন বা পরীক্ষা বা এই আইনের কোনো বিধান বা উহার অধীন প্রণীত বিধি-বিধান প্রতিপালনের উদ্দেশ্যে, স্বীয় অধিক্ষেত্রভুক্ত এলাকার যে-কোনো স্থান বা ভবনে যুক্তিযুক্ত সময়ে প্রবেশ করিতে পারিবেন।

**২১। নিবন্ধনপত্র, সনদপত্র ও অন্যান্য দলিল উপস্থাপন।**— কোনো ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা যে-কোনো সময় কোনো বয়লার-এর নিবন্ধনপত্র, সনদপত্র বা অন্যান্য দলিলাদি উপস্থাপনের নির্দেশ প্রদান করিতে পারিবেন এবং উক্তরূপে নির্দেশপ্রাপ্ত হইলে কোনো মালিক নিবন্ধনপত্র, প্রত্যয়নপত্র বা অন্যান্য দলিলাদি উপস্থাপন করিতে বাধ্য থাকিবেন।

**২২। বয়লারের মালিকানা হস্তান্তর।**— (১) প্রধান বয়লার পরিদর্শকের অনুমোদন গ্রহণক্রমে নির্ধারিত পদ্ধতিতে বয়লারের মালিক উহার মালিকানা হস্তান্তর করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন মালিকানা হস্তান্তর করা হইলে উহার মালিককে উহার নিবন্ধনপত্র বা প্রত্যয়নপত্র ও অন্যান্য দলিলাদি হস্তান্তর করিতে হইবে।

(৩) নতুন মালিককে নির্ধারিত পদ্ধতিতে পূর্বের মালিকানা সংশোধন করে তাহার নামে মালিকানা গ্রহণ করিতে হইবে।

**২৩। বয়লারের নাম ও ঠিকানা পরিবর্তনে নিষেধাজ্ঞা।**— প্রধান বয়লার পরিদর্শকের অনুমোদন ব্যতীত কোনো বয়লারের মালিক তাহার বরাবরে নিবন্ধিত বয়লারের নাম ও ঠিকানা পরিবর্তন করিতে পারিবে না।

**২৪। বয়লার পরিচালনা।**— এই আইনের অধীনে উপযুক্ত সনদপ্রাপ্ত একজন যোগ্য ব্যক্তির যথাযথ সামর্থ অনুযায়ী সরাসরি ও সার্বক্ষণিক তত্ত্বাবধানে কোনো বয়লারের মালিক বয়লার পরিচালনা করিবেন। উপযুক্ত সনদ ব্যতিত তিনি নিজে অথবা অন্য কাহাকেও উহা পরিচালনার জন্য অনুমতি প্রদান করিতে পারিবেন না।

প্রকৌশলী মোহাম্মদ আব্দুল মান্নান
প্রধান বয়লার পরিদর্শক

**২৫। পরিচালনা সনদপত্রের শ্রেণি ও সনদপত্রধারীর সামর্থ্য।**— (১) এই আইনের অধীন বয়লার পরিচালনা স দ তিন শ্রেণির হইবে। যথা :-

**(ক) বয়লার পরিচালনা প্রকৌশলী সনদ (গ্রেড-১):** বয়লার পরিচালনা প্রকৌশলী (গ্রেড-১) যে কো া ধারণক্ষমতার একক বা সংযুক্ত বয়লারের দায়িত্ব গ্রহণের জন্য যোগ্য হইবেন।

**(খ) বয়লার পরিচালনা প্রকৌশলী সনদ (গ্রেড-২):** বয়লার পরিচালনা প্রকৌশলী গ্রেড-২) এর অ া এককভাবে যে কোনো একক বা পৃথক বা সংযুক্ত বয়লারের সেট থাকিতে পারে, যাহার তাপতল ৫,০০০ বর্গফুটের অতিরিক্ত হইবে না।

**(গ) বয়লার পরিচারক সনদ:** বয়লার পরিচারক সনদপত্রধারীর অধীন এককভাবে যে কোনো একক বা পৃথক বা সংযুক্ত বয়লারের সেট থাকিতে পারে, যাহার তাপতল ১,০০০ বর্গফুটের অতিরিক্ত হইবে না।

(২) যে সকল ক্ষেত্রে বয়লারের সংখ্যা একের অধিক হয় সেই ক্ষেত্রে অনুরূপ বয়লারগুলি অবশ্যই একই মালিকের হইবে এবং একই এলাকায় ১০০ ফুট ব্যাসার্ধের মধ্যে অবস্থিত হইবে।

**২৬। মালিকের দায়িত্ব।**— (১) এই আইনের অধীন মালিকের দায়-দ্বায়িত্ব হইবে নিম্নরূপ, যথা :

(ক) বাংলাদেশ বিল্ডিং কোড ২০০৬ অনুসরণপূর্বক বয়লার হাউস বা বয়লার রুম নির্মাণ;
(খ) এই আইন বা বিধি অনুযায়ী নির্মিত বয়লার ক্রয় ও ব্যবহার;
(গ) বয়লারের বাষ্প, বর্জ্য বা অন্য কোনো কার্য দ্বারা পরিবেশের ক্ষতি সাধন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
(ঘ) বয়লার সংশ্লিষ্ট কার্যে নিয়োজিত শ্রমিকের জন্য স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিতকরণ;
(ঙ) বয়লার পরিদর্শক কর্তৃক বয়লার পরীক্ষণের সময় বয়লার পরিদর্শককে বয়লারের নকশা, নির্দেশিকা, নিবন্ধনপত্র, প্রত্যয়নপত্র এবং চাহিত অন্যান্য তথ্য প্রদানসহ সকল ধরণের সহযোগিতা প্রদান;
(চ) পরিদর্শন ও পরীক্ষণের সময় নির্ধারিত পদ্ধতিতে বয়লারটি প্রস্তুতকরণ।

(২) উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী মালিক দায়িত্ব পালনে ব্যর্থ হইলে বা অবহেলা করিলে নিবন্ধন বা নবায়নের আবেদন নামঞ্জুর করা যাইবে।

**২৭। বয়লার তাৎক্ষনিকভাবে বন্ধকরণের ক্ষমতা।**— (১) আইন, বিধি ও আদেশ বহির্ভূতভাবে বয়লার ব্যবহারের তথ্য গোচরীভূত হইলে বা নিবন্ধনপত্র, প্রত্যয়নপত্র বা অন্যান্য দালিলাদি উপস্থাপনে ব্যর্থ হইলে বা বয়লার অথবা বাষ্পনলের ক্ষতিগ্রস্ততার কারণে দুর্ঘটনার আশঙ্কা পরিলক্ষিত হইলে 'ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা', উহার ব্যবহার তাৎক্ষণিকভাবে বন্ধ করিতে পারিবেন।

(২) উপধারা (১)-এর উদ্দেশ্য পূরণকল্পে, 'ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা', প্রয়োজনে উক্ত বয়লার যে এলাকায় অবস্থিত সেই এলাকার আইন প্রয়োগকারী সংস্থাসহ কোনো সরকারি দপ্তর, স্থানীয় সরকার বা কর্তৃপক্ষের সহযোগিতা গ্রহণ করিতে পারিবেন এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রয়োজনীয় সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

**২৮। বয়লার দুর্ঘটনার প্রতিবেদন ও তদন্ত।**— (১) যদি কোনো বয়লার বা বাষ্প-নল সংশ্লিষ্ট কোনো দুর্ঘটনা ঘটে, তাহা হইলে উহার মালিক দুর্ঘটনা ঘটিবার পর তাৎক্ষনিকভাবে বয়লার পরিদর্শক বা উপ-প্রধান বয়লার পরিদর্শকের নিকট লিখিতভাবে উক্ত দুর্ঘটনার তথ্য বা সংবাদ প্রেরণ করিবেন।

(২) উক্ত সংবাদ বা তথ্য প্রাপ্তির পর সংশ্লিষ্ট বয়লার পরিদর্শক বা উপ-প্রধান বয়লার পরিদর্শক ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে সরেজমিনে বয়লারটি পরিদর্শনপূর্বক প্রধান বয়লার পরিদর্শকের নিকট প্রতিবেদন পেশ করিবেন।

(৩) বয়লার পরিদর্শক বা উপ-প্রধান বয়লার পরিদর্শক দুর্ঘটনার কারণ, প্রকৃতি বা ব্যাপ্তি সম্পর্কে লিখিতভাবে যে তথ্য জানিতে চাহিবেন সংশ্লিষ্ট ব্যক্তি উহা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(৪) প্রধান বয়লার পরিদর্শক উপ-ধারা (২) এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর নির্ধারিত পদ্ধতিতে একটি তদন্ত কমিটি গঠন করিবেন।

প্রকৌশলী মোহাম্মদ আব্দুল মান্নান

**২৯। দুর্ঘটনার দায়-দায়িত্ব।**— (১) বয়লার সংশ্লিষ্ট কোনো দুর্ঘটনা সংঘটিত হইলে উক্ত দুর্ঘটনার জন্য সংশ্লিষ্ট বয়লারের মালিক, পরিচালক, ব্যবহারকারী বা বয়লার পরিচালনার জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি উক্ত দুর্ঘটনার জন্য দায়ী হইবেন, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত দুর্ঘটনা প্রতিরোধে তিনি যুক্তিসঙ্গত ব্যবস্থা গ্রহণ করিয়াছেন।

(২) কোনো দুর্ঘটনার জন্য কোনো কর্মচারী দায়ী হইলে প্রধান বয়লার পরিদর্শক উক্ত কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

**৩০। দুর্ঘটনার ক্ষতিপূরণ।**— (১) ধারা ২৯ এর অধীন গঠিত তদন্ত কমিটির সুপারিশের ভিত্তিতে প্রধান বয়লার পরিদর্শক দুর্ঘটনার জন্য দায়ী ব্যক্তিকে নির্ধারিত পদ্ধতিতে ক্ষতিপূরণের নির্দেশ দিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন নির্দেশিত ক্ষতিপূরণের বিরুদ্ধে কোনো আদালতে কোনো প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

**৩১। জরিমানা আরোপের ক্ষমতা।**— (১) কোনো ব্যক্তি বা বয়লার মালিক নিম্নবর্ণিত শর্তসমূহ লঙ্ঘন করিলে প্রধান বয়লার পরিদর্শক, নির্ধারিত পদ্ধতিতে কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া, অনধিক ১ (এক) লক্ষ টাকা এবং উক্তরূপ লঙ্ঘনের পুনরাবৃত্তিতে দ্বিগুণ জরিমানা আরোপ করিতে পারিবেন, যথা :

(ক) কোনো বয়লার নিবন্ধন বা বয়লার ব্যবহারের সনদ নবায়ন ব্যতীত ব্যবহার;

(খ) বয়লারের জন্য অনুমোদিত নিবন্ধন নম্বর বয়লারের গায়ে স্থায়ীভাবে চিহ্নিত বা সংযোজনে ব্যর্থতা;

(গ) অনুমোদন ব্যতীত বয়লারের নাম বা মালিকানা পরিবর্তন;

(ঘ) কোনো নিবন্ধিত বয়লার নির্ধারিত সর্বোচ্চ কার্যকরী চাপ অপেক্ষা অধিক চাপে ব্যবহার বা বয়লারের নিরাপত্তা ভালব (Safty Valve) এইরূপে পরিবর্তন করা (Temper), যাহার ফলে উহা নির্ধারিত সর্বোচ্চ কার্যকরী চাপে ব্যবহার করা সম্ভব না হয়;

(চ) বয়লার, উপযুক্ত "সনদপত্রধারী ব্যক্তি" কর্তৃক পরিচালনা না করা;

(ছ) বয়লার বা বাষ্প-নলের কোনো দুর্ঘটনার তথ্য প্রদানে ব্যর্থতা;

(জ) বয়লারে ব্যবহৃত পানির মান-মাত্রা নিয়ন্ত্রণ ব্যতিরেকে উহা ব্যবহার; এবং

(ঝ) এই আইন বা উহার অধীন প্রণীত বিধি লঙ্ঘন করিয়া অন্য কোনো কার্য সংঘটন।

(২) এই ধারার অধীন ধার্য ও আদায়কৃত জরিমানার অর্থ সরকারি কোষাগারে জমা করিতে হইবে।

**৩২। প্রধান বয়লার পরিদর্শকের নিকট আপীল।**— (১) প্রধান বয়লার পরিদর্শক ব্যতীত অন্য কোনো কর্মকর্তা কর্তৃক প্রদত্ত আদেশ দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি উক্ত আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রধান বয়লার পরিদর্শকের নিকট আপিল করিতে পারিবেন।

(২) প্রধান বয়লার পরিদর্শক উক্ত আপীল আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা নিষ্পত্তি করিয়া ফলাফল আপিলকারীকে অবহিত করিবে।

**৩৩। বয়লার বোর্ডের নিকট আপীল।**— (১) প্রধান বয়লার পরিদর্শক কর্তৃক প্রদত্ত আদেশ দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি উক্ত আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বয়লার বোর্ডের নিকট আপিল করিতে পারিবেন।

(২) বোর্ড উক্ত আপীল আবেদন প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে উহা নিষ্পত্তি করিয়া ফলাফল আপিলকারীকে অবহিত করিবে।

**৩৪। অপরাধ ও দন্ড।**— (১) যদি কোনো মালিক বা ব্যক্তি বয়লারের গায়ে স্থায়ীভাবে চিহ্নিত বা সংযোজিত নিবন্ধন নম্বর অপসারণ, পরিবর্তন বা বিকৃত করেন বা এই আইনের অধীনে বরাদ্দ করা হয় নাই এইরূপ কোনো নম্বর বয়লারের গায়ে প্রতারণামূলকভাবে অঙ্কিত বা সংযোজন করেন অথবা কোনো ব্যক্তি এই আইন, বিধি বা কোড অনুসরণ ব্যতিরেকে কোনো বয়লার তৈরি করেন, তাহা হইলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক (দুই) বৎসরের কারাদন্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয় দন্ডে দন্ডিত হইবেন।

(২) কোনো ব্যক্তি বা মালিক এই আইনের অধীন কোনো অপরাধের জন্য দন্ডিত হইবার পর পুনরায় একই অপরাধ সংঘটন করিলে তিনি উক্ত অপরাধের জন্য নির্ধারিত দন্ডের দ্বিগুণ দন্ডে দন্ডিত হইবেন।

**৩৫। কোম্পানী কর্তৃক অপরাধ সংঘটন।**— (১) কোনো কোম্পানী কর্তৃক এই আইনের অধীন কোনো ধারা সংঘটিত হইলে উক্ত অপরাধের সহিত প্রত্যক্ষ সংশ্লিষ্টতা রহিয়াছে, কোম্পানির এমন প্রত্যেক পরিচালক, ব্যবস্থাপক অংশীদার, কর্মকর্তা ও কর্মচারী উক্ত অপরাধ সংঘটন করিয়াছেন বলিয়া গণ্য হইবে, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত অপরাধ তাহার অজ্ঞাতসারে হইয়াছে অথবা উক্ত অপরাধ রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত কোম্পানি আইনগত ব্যক্তিসত্তা বিশিষ্ট সংস্থা (Body Corporate) হইলে, উপ-ধারা (১) এ উল্লিখিত ব্যক্তিকে অভিযুক্ত ও দোষী সাব্যস্ত করা ছাড়াও উক্ত কোম্পানীকে আলাদাভাবে একই কার্যধারায় অভিযুক্ত ও দোষী সাব্যস্ত করা যাইবে, তবে ফৌজদারি মামলায় উহার উপর সংশ্লিষ্ট বিধান অনুসারে কেবল অর্থদন্ড আরোপ করা যাইবে।

**ব্যাখ্যা:** এই ধারায়-

(ক) 'কোম্পানি' অর্থে কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠান, অংশীদারি কারবার, সমিতি, সংঘ বা সংগঠনও অন্তর্ভুক্ত;

(খ) বাণিজ্যিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে, 'পরিচালক' অর্থে উহার কোনো অংশীদার বা পরিচালনা বোর্ডের সদস্যও অন্তর্ভুক্ত।

**৩৬। ক্ষমতা অর্পণ।**— সরকারের অনুমোদনক্রমে প্রধান বয়লার পরিদর্শক তাহার কোনো ক্ষমতা, গেজেট প্রজ্ঞাপন দ্বারা, অন্য কোনো কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

**৩৭। ফি নির্ধারণ।**— (১) এই আইনের অধীন সকল ফি সরকার, গেজেট প্রজ্ঞাপন দ্বারা, আরোপ ও আদায় করিতে পারিবে।

(২) এই আইনের অধীন আরোপিত ফি এবং প্রশাসনিক জরিমানা Public Demands Recovery Act, 1913 (Act No. III of 1913) এর বিধান অনুযায়ী সরকারি দাবী হিসাবে আদায়যোগ্য হইবে।

(৩) এই আইনের অধীন আরোপিত সকল ফি এবং জরিমানা, ভূমি রাজস্ব আদায়ের ন্যায় আদায়যোগ্য হইবে।

(৪) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সকল ফি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

(৫) কোনো বয়লার ব্যবহারের সনদ এর মেয়াদ উত্তীর্ণের ক্ষেত্রে বিধি দ্বারা নির্ধারিত বিলম্ব ফি আদায় করা যাইবে।

**৩৮। মামলা দায়েরের সময়সীমা ও অপরাধ বিচারার্থ** (১) এই আইনের অধীন দন্ডযোগ্য কোনো অপরাধ সংঘটনের ৬ (ছয়) মাসের মধ্যে মামলা দায়ের করিতে হইবে।

(২) প্রধান পরিদর্শকের অনুমোদন ব্যতীত কোনো আদালতে মামলা দায়ের করা যাইবে না।

**৩৯। অপরাধের বিচার।**— এই আইনের অধীন অপরাধসমূহ প্রথম শ্রেণির জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা ক্ষেত্রমতো, মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক বিচার্য হইবে।

**৪০। ফৌজদারি কার্যবিধির প্রয়োগ।**— এই আইনের অধীন কোনো অপরাধের অভিযোগ দায়ের, তদন্ত, বিচার ও আপিল-সংশ্লিষ্ট অন্য কোনো বিষয়ে Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর বিধান প্রযোজ্য হইবে।

**৪১। মোবাইল কোর্ট আইন, ২০০৯-এর প্রয়োগ।**— আপাতত বলবৎ অন্য কোনো আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনে বর্ণিত অপরাধসমূহ মোবাইল কোর্ট আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৯ নং আইন) এর অধীন বিচার করা যাইবে।

**৪২। বিধি প্রণয়নের ক্ষমতা।**— এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

প্রকৌশলী মোহাম্মদ আব্দুল মান্নান

**৪৩। কোড প্রণয়নের ক্ষমতা।**– এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বয়লার আমদানি, নির্মাণ, স্থাপন, ব্যবহার ও মেরামত বিষয়ক কারিগরি সহায়তা প্রদানের জন্য এই আইনের উদ্দেশ্যের সামগ্রিকতার হানি না ঘটাইয়া বয়লার বোর্ড এর সুপারিশের প্রেক্ষিতে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বয়লার কোড প্রণয়ন করিতে পারিবে।

**৪৪। রহিতকরণ ও হেফাজত।**– (১) এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে Boilers Act, 1923 (Act No. V of 1923) অতঃপর রহিতকৃত আইন বলিয়া উল্লিখিত, রহিত হইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও উক্ত রহিতকৃত আইনের অধীন-

(ক) প্রদত্ত বয়লারের নিবন্ধন সনদ এই আইনের বিধানের সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে কার্যকর থাকিবে;

(খ) প্রণীত কোনো বিধি, জারিকৃত কোনো প্রজ্ঞাপন, স্থায়ী আদেশ বা নির্দেশ এই আইনের সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে এবং এই আইনের অধীন রহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে;

(গ) অনিষ্পন্ন বা গৃহীত কার্যধারা রহিতকৃত আইনের অধীন এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত আইন রহিত হয়নি।

**৪৫। ইংরেজিতে অনূদিত পাঠ।**– (১) এই আইন প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) এই আইনের বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**প্রকৌশলী মোহাম্মদ আব্দুল মান্নান**
**প্রধান বয়লার পরিদর্শক**

ড. এ. এফ. এম. জমির হোসেন
উপসচিব (আইন)